

২খ. ধর্মের ক্ষমতা ব্যবহার করে মজিদ কীভাবে গ্রামের মানুষের ধর্মজীবন,  
সমাজজীবন এমনকি ব্যক্তিজীবনেরও নিয়ন্ত্রণকর্তা হয়ে ওঠে তার  
পরিচয় দাও।

10

৩ক. আখতারজ্জামান ইলিয়াস তাঁর ‘নিরাম্বদেশ যাত্রা’ গল্পের গোড়াতেই  
জানিয়ে দেন, এক ‘মনোরম মনোটোনাস শহরে’ থাকে তাঁর গল্পের  
চরিত্র রঞ্জু – স্মরণ-বিস্মরণ টপকে যে কেবল এগিয়ে চলে মৃত্যুর  
দিকে। নিরাম্বদেশ যাত্রা এ-গল্পে আসলে মৃত্যু অভিমুখে যাত্রা।  
ইলিয়াসের গল্পটি কি এইভাবে পড়া যায়? কেন? যুক্তিসহ তোমার  
মতামত জানাও।

10

**অথবা**

৩খ. সারা গল্পে কোথাও একটিও মৃতদেহ নেই, তা সত্ত্বেও কায়েস  
আহমেদের গল্পটির নাম ‘লাশকাটা ঘর’ কেন? সংক্ষেপে  
আলোচনা করে বুঝিয়ে দাও।

10

৪ক. ‘আমি কিংবদন্তীর কথা বলছি’ – কবিতায় আবু জাফর ওবায়দুল্লাহ  
যে ‘কিংবদন্তী’র কথা বলেন সেখানে বাঙালি ও বাংলাদেশ কীভাবে  
উঠে আসে, তা ব্যাখ্যা করো।

10

**অথবা**

৪খ. ‘তাত দে হারামজাদা’ (রফিক আজাদ) বা ‘জুই ফুলের চেয়ে শাদা  
ভাতই অধিক সুন্দর’ (মহাদেব সাহা) কবিতায় বারংবার ‘ভাত’  
গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। সমকালীন বাংলাদেশের আর্থ-সামাজিক  
প্রেক্ষাপটে কবিতা দুটির গুরুত্ব কোথায় তা বিশ্লেষণ করো। ১০

**কলান্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮**

(তৃতীয় বর্ষ, ষষ্ঠি সিমেস্টার)

**বাংলা**

**বাংলাদেশের সাহিত্য**

**কোর্স ইউ.জি - ৬.৪**

সময় ২ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. “কাজেই মুসলমানি বাংলা বলে কিছু ছিল না, নেই এবং ভবিষ্যতেও  
থাকবে না।” যে যুক্তির উপর ভিত্তি করে প্রাবন্ধিক আহমদ শরীফ  
এই সিদ্ধান্তে পৌছেছেন, তার সঙ্গে তুমি কি সহমত পোষণ কর?  
যুক্তিসহ বিশ্লেষণ করো।

10

**অথবা**

১খ. আত্মহত্যার আগে’ প্রবন্ধে আবদুল হক যে তিনটি ‘বিস্ময়’-এর  
কথা উল্লেখ করেছেন, সেই ‘বিস্ময়’-এর স্বরূপ নির্ণয় করো। ১০

২ক. মজিদের মহবতনগর গ্রামে প্রবেশের সূচনায় গ্রামের মানুষদের  
মাছ শিকারের যে বিবরণ কথক দিয়েছেন, তার সঙ্গে ‘লালসালু’  
উপন্যাসের মূল আখ্যানের কোনো বিশেষ যোগ আছে বলে কি  
তোমার মনে হয়? যুক্তিসহ তোমার মতামত দাও।

৫

**অথবা**